গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
<u>প্রশাসন-১ অধিশাখা</u>

বিষয়ঃ- বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব-উল-আলম<br>যুগ্ম-সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | : | ১৭-০২-২০১৫ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | কক্ষ নং-২০১, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী সভায় Annual Performance Agreement এর KPI নির্ধারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০২। সভায় জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগে ও এর আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপনের আলোকে ইনোভেশন টিম গঠন করা হয়। সভায় আরও জানানো হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বিদ্যুৎ বিভাগের Annual Performance Agreement প্রস্তুত করতঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। Annual Performance Agreement এ ভিন্ন ভিন্ন KPI রয়েছে, যার মধ্যে কিছু আইটি বিষয়ক। সভায় আইটি বিষয়ক KPI সমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

০৩। দপ্তর/সংস্থায় নিয়মিত ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান এবং সভার কার্যবিবরণী প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ ছাড়া সভায় গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়েও সভায় আলোচনা হয়। দপ্তর/সংস্থা/কোম্পানিতে কোন কোন সেবা দেয়া হচ্ছে তা digitalize করাসহ KPI-গুলো অর্জনের জন্য সভায় বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমসমূহকে নির্দেশনা দেয়া হয়।

০৪। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমকে আগামী ১৫ দিনের মধ্যে উদ্ভাভবনকৃত বা প্রয়োগের উপযুক্ত প্রযুক্তির তথ্য/বিবরণ এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। এ ছাড়া বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির বিদ্যুৎ বিলের জন্য অনলাইন বিলিং ও পে system প্রবর্তন করা যায় কিনা সে বিষয়টি পর্যালোচনা করে সবাইকে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ ছাড়া মোবাইল ফোনের মাধ্যমে বিল প্রেরণ, বিল পরিশোধের message দেয়ার বিষয়েও সভায় আলোচনা হয়। এ সকল বিষয়ে একটি পূর্ণাঙ্গ সুপারিশমালা প্রণয়নের জন্য একটি Technical Committee গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। সভায় অনলাইন বিল পরিশোধ System প্রবর্তন, মোবাইল ফোনের মাধ্যমে বিল প্রেরণ এবং বিল পরিশোধের বার্তা এসএমএস বা ই-মেইলের মাধ্যমে দেয়ার বিষয়ে প্রস্তাব প্রস্তুতের জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের নিয়ে একটি Technical Committee গঠনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | | |
|---|---|---|
| (১) | মোছাঃ মাকছুদা খাতুন<br>যুগ্ম-সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ | আহবায়ক |
| (২) | জনাব মোহাম্মদ ইকতিদার আলম<br>সিনিয়র সহকারী সচিব, বিদ্যুৎ বিভাগ | |
| (৩) | জনাব মোঃ সাজিবুল হক | সদস্য |

উপ-পরিচালক, পাওয়ার সেল

| | | |
|---|---|---|
| (৪) | সংস্থা/কোম্পানির ১ জন করে প্রতিনিধি | সদস্য |
| (৫) | প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ। | সদস্য-সচিব |

Technical Committee আগামী ১ মাসের মধ্যে সুপারিশ প্রণয়ন কাজ সম্পন্ন করবে এবং এ টিমের নিকট দাখিল করবে।

০৬। এ ছাড়া প্রতিদিনের Real Time Generation Report বিদ্যুৎ বিভাগের website-এ প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে মর্মে সভাপতি অভিমত দেন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে NLDC এর সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য পত্র দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। সভায় বিদ্যুৎ বিভাগের Annual Performance Agreement বিষয়ে আলোচনা হয়। বিদ্যুৎ বিভাগের Annual Performance Agreement এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংস্থা/কোম্পানির আইটি খাতে কী কী করণীয়, সে বিষয়ে একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮। সভায় জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগের আতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির জনবলের জন্য unified PMIS প্রস্তুত করার জন্য ডিপিডিসিকে দায়িত্ব প্রদান করা হয়েছে। সভায় unified PMIS প্রস্তুত করার অগ্রগতি পর্যালোচনা করা হয়। এ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়।

০৯। বিদ্যুৎ বিভাগের website হালনাগাদ ও বাংলা ভাষায় রূপান্তরের বিষয়ে আলোচনা হয়। আগামী ১৫ জুনের মধ্যে website হালনাগাদ ও বাংলা ভাষায় করণের কাজ সম্পন্ন করার জন্য সভায় একটি কারিগরী উপ-কমিটি গঠন করা হয়ঃ

| | | |
|---|---|---|
| (১) | জনাব এ. কে. এম হুমায়ূন কবীর<br>উপ-সচিব, বিদ্যুৎ বিভাগ। | আহবায়ক |
| (২) | জনাব মোঃ সাজিবুল হক<br>উপ-পরিচালক, পাওয়ার সেল। | সদস্য |
| (৩) | জনাব হোসেন মমতাজ<br>সহকারী প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ। | সদস্য |
| (৪) | জনাব মোঃ মাসুদুজ্জামান<br>সহকারী পরিচালক, পাওয়ার সেল। | সদস্য |
| (৫) | জনাব হুমায়ূন কবীর<br>প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ। | সদস্য-সচিব |

কারিগরী উপ-কমিটি আগামী ১৫ দিনের মধ্যে সুপারিশ প্রণয়ন করবে এবং এ টিমের নিকট দাখিল করবে।

১০। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) প্রতি মাসে দপ্তর/সংস্থায় ইনোভেশন টিমের সভা আহবান করতে হবে এবং কার্যবিবরণী বিদ্যুৎ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসারের নিকট নিয়মিতভাবে প্রেরণ করতে হবে;

(খ) সংস্থা/কোম্পানির আইটি খাতে কী কী করণীয় সে বিষয়ে একটি কর্মপরিকল্পনা প্রস্তুত ও তা' বাস্তবায়ন করতে হবে।

(গ) Annual Performance Agreement এর আইটি খাতে KPI-সমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি বিদ্যুৎ বিভাগে নিয়মিতভাবে প্রেরণ করতে হবে;;

(ঘ) স্ব স্ব সংস্থা/কোম্পানির Website নিয়মিত হালনাগাদ করণ করতে হবে।

(ঙ) বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের Website হালনাগাদ করণ ও Real time Generation Report website- প্রকাশের ব্যবস্থা করতে হবে;

(চ) বিদ্যুৎ বিভাগের Website হালনাগাদ করণ ও Real time Generation Report বিদ্যুৎ বিভাগের website-এ প্রকাশের ব্যবস্থা করতে হবে;

(ছ) Technical Committee দুটি সুপারিশ প্রণয়ন করে ইনোভেশন টিমের বরাবরে দাখিল করবে;

(জ) বিদ্যুৎ বিভাগের website সার্বক্ষণিক হালনাগাদ ও website-এর বাংলা ভার্সন ত্রুটিমুক্ত করতে হবে।

(ঝ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির জনবলের জন্য unified PMIS প্রস্তুত করার কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৩/২/১৫

(মোঃ মাহবুব-উল-আলম)
যুগ্ম-সচিব (প্রশাসন)